

ভেতরের পাতায় গুরুতপূর্ণ শিরোনাম...

মহাপরিচালক, বিআরডিবি, এর বিদায় ২ সংবর্ধনা অনুষ্ঠিত

জাতির পিতার ৪৪তম শাহাদাত ৩ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপন

বিআরডিবি'র কর্মকর্তা ও কর্মচারীগণের 8 মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান

বিআরডিবি'র ৩টি অর্থ বছরের বার্ষিক ৫ প্রতিবেদন এর মোড়ক উন্মোচন

পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় গ্রামীণ ৭ অবকাঠামো নির্মাণে সাফল্য

নবযোগদানকৃত মাননীয় মহাপরিচালক- ৮ কে ফুলেল শুভেচ্ছা প্রদান



মহাপরিচালকের বার্তা

বিআরডিবি'র মাসিক অনলাইন
নিউজলেটার বিআরডিবি 'পল্লী পরিক্রমা'
এর আগস্ট ২০১৯ সংখ্যা প্রকাশিত হ'ল।
এ দায়িতপূর্ণ কাজটি সাফল্যের সঞ্চো
নিয়মিতভাবে সম্পাদনের জন্য সংগ্লিষ্ট
সকলকে ধন্যবাদ জানাই। আগস্ট ছিল
শোকের মাস। বিআরডিবি'র পক্ষে
আমরা জাতির পিতার স্মরণে জাতীয়
শোক দিবস পালন করেছি। জাতির
পিতার ক্ষুধা-দারিদ্র্য-অশিক্ষা এবং
বঞ্চনামুক্ত 'সোনার বাংলাদেশ'
বিনির্মানের লালিত স্বপ্ল বাস্তবায়নে
বিআরডিবি'র কর্মী ও সুফলভোগীরা
একাঅ হয়ে কাজ করছে।

জনাব মোঃ গিয়াস উদ্দিন আহমেদ (অতিরিক্ত সচিব) এর মহাপরিচালক, বিআরডিবি হিসেবে যোগদান



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব মোঃ গিয়াস উদ্দিন আহমেদ গত ২৭/০৮/২০১৯ খ্রি. তারিখে বিআরডিবি'র মহাপরিচালক হিসেবে যোগদান করেন। তিনি ১৯৮৫ ব্যাচের একজন সিনিয়র কর্মকর্তা। তিনি বিআরডিবি'র মহাপরিচালক পদে যোগদানের পূর্বে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি চাকুরী জীবনে সহকারী সচিব, উপসচিব, জেলা প্রশাসক, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব পর্যায়ে মাঠ প্রশাসন ও সচিবালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন।







আগস্ট ২০১৯ বর্ষ ৩ সংখ্যা ১১

জাতীয় শুদ্ধাচার কৌশল এর অংশ হিসেবে বিআরডিবি অংশীজনদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত



জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে গত ২১/০৮/২০১৯ খ্রি. তারিখে বিআরডিবিতে অংশীজনদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। সভায় বিআরডিবি'র সদর কার্যালয়ের কর্মচারী প্রতিনিধি, সহকারী পরিচালক, উপপরিচালক, যুগ্মপরিচালক ও পরিচালকগণ উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত করে বিআরডিবি'র পরিচালক (প্রশাসন) জনাব মোঃ হাসানুল ইসলাম, এনডিসি।

বিআরডিবি'র মহাপরিচালক (সচিব) জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার এর বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) মহাপরিচালক মুহম্মদ মউদুদউর রশীদ সফদার মহোদয় গত ২৩/০৮/২০১৯ খ্রি. তারিখে পিআরএল এ গমন করেন। তাঁর পিআরএলজনিত বিআরডিবি'র সর্বস্তরের কর্মকর্তা/ কর্মচারীগণের পক্ষ হতে বিদায় সংবর্ধনা প্রদান করা হয়। এ উপলক্ষে গত ২২/০৮/২০১৯ খ্রি. তারিখে বিআরডিবি'র পরিচালক (প্রশাসন) এর সভাপতিত্বে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়।





আগস্ট ১০১৯ বর্ষ ৩ সংখ্যা ১১

বঙ্গবন্ধুর ৪৪তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপন



বঙ্গাবন্ধুর ৪৪তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদ্উর রশীদ সফদারের নেতৃতে বিআরডিবি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের রাালীতে অংশগৃহণ।



বঞ্চাবন্ধুর ৪৪তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদারের নেতৃত্বে বিআরডিবি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ বঞ্চাবন্ধু স্মৃতি যাদুঘরে পুষ্পস্তবক অর্পণের জন্য প্রস্তুতি গ্রহণ।



বঞ্চাবন্ধুর ৪৪তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদেউর রশীদ সফদারের নেতৃত্বে বিআরডিবি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ বঞ্চাবন্ধু স্মৃতি যাদুঘরে পূষ্পন্তবক অর্পণ।



বশাবনুর ৪৪তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদারের নেতৃতে বিআরডিবি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ বিআরডিবি'র সদর দপ্তরে স্থাপিত বশাবনুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের জন্য যাত্রা শুরু।



বঞ্চাবন্ধুর ৪৪তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদারের নেতৃত্বে বিআরডিবি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ বিআরডিবি'র সদর দপ্তরে স্থাপিত বঞ্চাবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের জন্য প্রস্তুতি গ্রহণ।



বঙ্গাবন্ধুর ৪৪তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদারের নেতৃত্বে বিআরডিবি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ বিআরডিবি'র সদর দপ্তরে স্থাপিত বঙ্গাবন্ধুর প্রতিকৃতিতে পূষ্পস্তবক অর্পণ।





আগস্ট মার্চ ২০১৯ বর্ষ ৩ সংখ্যা ১১

বিআরডিবি'র কর্মমূল্যায়ণ ও সম্মাননা প্রদান অনুষ্ঠান সম্পন্ন



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার মহোদয়ে গত ২ বছরের কর্মকালীন সময়ে গৃহীত বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের কর্মমূল্যায়ন সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সদর কার্যালেয়ের ৫টি বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতিতে বিভিন্ন বিভাগের কার্যক্রম তুলে ধরা হয়। মহাপরিচালক মহোদয় সংশ্লিষ্ট সকল বিভাগেকে তাঁকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

বিআর্ডিবি কর্তৃক সদর দপ্তর, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান



সদর দপ্তরে শ্রেষ্ঠ বিভাগীয় প্রধান হিসেবে পরিচালক (প্রশাসন) মহোদয়কে নগদ চেক ও সার্টিফিকেট প্রদান করছেন বিআরডিবি'র মহাপরিচালক মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।



শ্রেষ্ঠ উপপরিচালক হিসেবে রাজশাহী জেলার উপপরিচালক এ কে এম জাকিরুল ইসলামকে নগদ চেক ও সার্টিফিকেট প্রদান করছেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মউদুদউর রশীদ সফদার।



শ্রেষ্ঠ ইউআরডিও হিসেবে যশোর সদর উপজেলার ইউআরডিও জনাব শাহানারা বেগমকে কে নগদ চেক ও সার্টিফিকেট প্রদান করছেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদ্উর রশীদ সফদার।



শ্রেষ্ঠ কর্মচারী হিসেবে সদর কার্যালয়ের অফিস সহায়ক জনাব মোঃঅহিদুর রহমানকে কে নগদ চেক ও সার্টিফিকেট প্রদান করছেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার।



পদ্মী পারক্ষা

আগস্ট ২০১৯ বর্ষ ৩ সংখ্যা ১১

গাইবান্ধা জেলায় BRDB-HELVETAS কর্তৃক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের বাজেট সাইকেল ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত



BRDB-HELVETAS কর্তৃক বাস্তবায়নাধীন SDC Local Governance Program-Sharique-IV প্রকল্পের আওতায় গাইবান্ধা জেলার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের ২দিন ব্যাপী বাজেট সাইকেল ম্যানেজ(মন্ট কমিটি বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা হয়। HELVETAS-Swiss Inter-Cooperation এর আর্থিক সহায়তায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক গাইবান্ধা ও বরিশাল জেলায় প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ আবদুস সবুর, উপপরিচালক, গাইবান্ধা।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতায় সদর কার্যালয়ে কুষ্টিয়া জেলাদপ্তরের সাথে ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত



বিআরডিবি'র কুষ্টিয়া, মেহেরপুর ও চুয়াডাঞ্চা জেলা দপ্তরের অধীনে কর্মকর্তা/কর্মচারী, ইউসিসিএ'র কর্মচারীগণের উপস্থিতিতে গত ২৫/০৮/২০১৯ খ্রি. তারিখে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে ২ দিন ব্যাপী দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত ভিডিও কনফারেন্স এর মাধ্যমে প্রশিক্ষণের উদ্বোধন করে বিআরডিবি'র পরিচালক (সরেজমিন) ও সরকারের যুগ্মসচিব জনাব মোঃ মাহমুদুল হোসাইন খান। কুষ্টিয়া জেলাদপ্তরের পক্ষে প্রতিনিধিত্ব করেন জেলার উপপরিচালক জনাব আবু আফজার মোহাম্মদ সালেহ।

বিআরডিবি'র ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনের মোড়ক উন্মোচন



গত ২২/০৮/২০১৯ খ্রি. তারিখে বিআরডিবি'র সদর কার্যালয়ে ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনের মোড়ক উন্মোচন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রদান অতিথি হিসেবে ৩টি অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনের মোড়ক উন্মোচন করেন বিআরডিবি'র মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার। সভায় সভাপতিত্ব করেন বিআরডিবি'র পরিচালক (প্রশাসন) মোঃ হাসানুল ইসলাম, এনডিসি

বিআরডিবি'র মহাপরিচালক (সচিব) জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার এর বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে সম্মাননা ক্রেস্ট প্রদান



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর মহাপরিচালক জনাব মুহম্মদ মউদুদউর রশীদ সফদার মহোদয় গত ২৩/০৮/২০১৯ খ্রি. তারিখে পিআরএল এ গমন করায় বিআরডিবি'র সর্বস্তরের কর্মকর্তা/ কর্মচারীগণের পক্ষ হতে ২২/০৮/২০১৯ তারিখে বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে ক্রেস্ট প্রদান করেন বিআরডিবি'র পরিচালক (প্রশাসন) জনাব মোঃ হাসানুল ইসলাম, এনডিসি।



পশ্লী পার্বক্রমা

আগস্ট ২০১৯ বর্ষ ৩ সংখ্যা ১১

পাবনা জেলায় জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের ৬০ ঘন্টার প্রশিক্ষণ অনুষ্ঠিত



পাবনা জেলায় জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে ৬০ ঘন্টার প্রশিক্ষণ প্রতিমাসে অনুষ্ঠিত হচ্ছে। এই ৬০ ঘন্টার প্রশিক্ষণ দক্ষতার সাথে পরিচালনা করছেন, জেলার উপপরিচালক জনাব মোঃ জহিরুল হক খান। প্রতিমাসে ৬০ ঘন্টার প্রশিক্ষণ পেয়ে কর্মকর্তা ও কর্মচারীগণ দক্ষতা অর্জন করছেন।

খাগড়াছড়ি জেলার মহালছড়ি উপজেলায় সমিতিতে সাপ্তাহিক উঠান বৈঠক নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে



খাগড়াছড়ি জেলার মহালছড়ি উপজেলায় সকল সমবায় সমিতি ও পল্লী উন্নয়ন দলের সাপ্তাহিক উঠান বৈঠক নিয়মিত করার উদ্যোগ নিয়েছে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ আব্দুর রাজ্জাক। তিনি উপজেলার প্রতিটি সমিতি/দলের সদস্যদের নিয়মিত উপস্থিতিতে উঠান বৈঠক আয়োজন করছেন। ফলে সমিতিতে প্রাণ চাঞ্চল্য ফিরে এসেছে এবং সমিতির সদস্যগণ নিয়মিত সাপ্তাহিক উঠান বৈঠকে অংশগ্রহণসহ শেয়ার ও সঞ্চয় নিয়মিত জমা দিচ্ছেন। এছাড়া ঋণের সাপ্তাহিক কিস্তি আদায়ের ক্ষেত্রেও অনেক সুবিধা হচ্ছে। এজন্য ঋণ খেলাপীর পরিমান হাস পাছে।

নবযোগদানকৃত মহাপরিচালক এর প্রকল্প পরিচালকগণের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর সদর কার্যালয়ে প্রকল্প পরিচালকগণের সাথে গত ২৮/০৮/২০১৯ খ্রি. তারিখে বিআরডিবি'র নবযোগদানকৃত মহাপরিচালক জনাব মোঃ গিয়াস উদ্দিন আহমেদ মতবিনিময় করেন।

খাগড়াছড়ি মহালছড়ি উপজেলায় সদাবিক দলের সদস্যদের মাঝে ঋণ বিতরণ



খাগড়াছড়ির মহালছড়ি উপজেলা সদাবিক দলের সদস্যের মধ্যে ঋণ বিতরণ করেন উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব মো:আব্দুর রাজ্জাক।





আগস্ট ২০১৯ বর্ষ ৩ সংখ্যা ১১

তেজগাঁও উন্নয়ন সার্কেলের আওতায় কামারগফ মহিলা সমবায় সমিতির সদস্যদের মাঝে ১২,০৫০০০/- টাকার ঋণ বিতরণ



ঢাকা জেলার আওতাধীন তেজগাঁও উন্নয়ন সার্কেলের তেজগাঁও থানা কেন্দ্রীয় সমবায় সমিতির অধীনে কামারগফ মহিলা সমবায় সমিতির ৩৫ জন সদস্যার মাঝে ১২,০৫,০০০/- টাকা ঋণ বিতরণ করেন উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব মো: আব্দুল হান্নান মিঞা । এ সময় উপজেলার সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

কিশোরগঞ্জ জেলার সদর উপজেলায় পিআরডিপি -৩ প্রকল্পের আওতায় টু সিলিন্ডার টিউবওয়েল স্থাপন



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় কিশোরগঞ্জ সদর উপজেলায় বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় গ্রামের লোকদের সুপেয় পানির চাহিদা পূরণের জন্য টু সিলিন্ডার টিউবওয়েল স্থাপন করা হয়েছে। ফলে খুব সহজে গ্রামের লোকজন তাদের চাহিদা মোতাবেক বিশুদ্ধ পানির পানসহ অন্যান্য কাজে ব্যবহার করতে পারছে। এভাবেই বিআরডিবি পল্লীর জনগণ ও জনপদের উন্নয়নে কাজ করছে।

ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় বক্স কালভার্ট নির্মাণ



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় বাস্তবায়িত পিআরডিপি-৩ প্রকল্পের আওতায় দ্রাশিয়া গ্রামের মানুষের যোগাযোগ ও এলাকার জমে থাকা পানির প্রবাহের সুবিধার চাহিদার প্রেক্ষিতে একটি বক্স কালভার্ট নির্মাণ করা হয়েছে। ফলে গ্রামের জনগণের সবসময় যোগাযোগ সুবিধা পাছে। এভাবেই বিআরডিবি পল্লী জনপদের উন্নয়নে কাজ করছে।

ইরেসপো প্রকল্পের দেবহাটার জেসমিন নাহারের সফলতার কাহিনী



জনাব জেসমিন নাহার, বিআরডিবি'র আওতাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো), দেবহাটা, সাতক্ষীরা এর উত্তর পারুলিয়া পূর্ব পাড়া মহিলা সমিতিতে গত ১৫/০৩/২০১৩ খ্রিঃ তারিখে সদস্য হিসাবে ভর্তি হন এবং প্রকল্পের হাঁস-মুরগি পালন, নেতৃত্ব বিকাশ ও নারীর উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ গ্রহন করেন। প্রথমে তিনি প্রকল্প হইতে গত ১৫/০৮/২০১৩ খ্রিঃ তারিখে ১৫,০০০/- টাকা হাঁস-মুরগি পালন খাতে ক্ষুদ্রঝণ গ্রহন করে নিজ বাড়িতে একটি ছোট মুরগির খামার গড়ে তোলেন। পর্যায়ক্রমে তিনি ৫ দফায় ইরেসপো প্রকল্প/কর্মসূচি হতে মোট ৩,১০,০০০/- টাকা ঋণ গ্রহণ করেন। তাহার সঞ্চয় জমার পরিমান ১৮,৭০৩/- টাকা। তিনি বাড়ির ছাদে আরো একটি বড় খামার তৈরী করেছেন। যাহাতে ৫০০ টা ডিম পাড়ার মুরগি প্রতিপালন করা হচ্ছে। যাহা হইতে প্রতিদিন ৩০০- ৪০০ ডিম পাওয়া যায়। খামার থেকে তিনি মাসে প্রায় ২০,০০০/- টাকা আয় করেন। বর্তমানে জেসমিন নাহার একজন স্বাবলম্বী নারী।





আগস্ট ২০১৯ বর্ষ ৩ সংখ্যা ১১

বিআরডিবি'র সদর কার্যালয়ে নবযোগদানকৃত মহাপরিচালক জনাব মোঃ গিয়াস উদ্দিন আহমেদ-কে ফুলেল শুভেচ্ছা প্রদান

পন্নী উনুয়নের সূর্য সারাথ



বিআরডিবি'র সদর কার্যালয়ে গত ২৭/০৮/২০১৯ খ্রি. তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের নবযোগদানকৃত মাননীয় মহাপরিচালক সরকারের অতিরিক্ত সচিব জনাব মোঃ গিয়াস উদ্দিন আহমেদ-কে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের পক্ষ হতে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। এসময় বিআরডিবি'র পরিচালকগণসহ অন্যান্য সিনিয়র কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বিআরডিবি'র সদর কার্যালয়ে নবযোগদানকৃত মহাপরিচালক জনাব মোঃ গিয়াস উদ্দিন আহমেদ কর্তৃক বিভিন্ন শাখা ও কক্ষ পরিদর্শন



বিআরডিবি'র সদর কার্যালয়ে গত ২৭/০৮/২০১৯ খ্রি. তারিখে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের নবযোগদানকৃত মাননীয় মহাপরিচালক সরকারের অতিরিক্ত সচিব জনাব মোঃ গিয়াস উদ্দিন আহমেদ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সদর কার্যালয়ের বিভিন্ন শাখা ও কক্ষ সরেজমিনে পরিদর্শন করেন। এসময় বিআরডিবি'র পরিচালকগণসহ অন্যান্য সিনিয়র কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বিআরডিবি'র সদর কার্যালয়ে নবযোগদানকৃত মহাপরিচালক এর উপস্থিতিতে কর্মকর্তা ও কর্মচারীগণের সাথে আলাদা আলাদাভাবে মতবিনিময় সভা অনুষ্ঠিত







